

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[করনীতি উইং]  
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০২৬.২৪/৯৪

তারিখ: ৩১ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ  
১৫ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

সাধারণ স্পষ্টিকরণ

বিষয়: আমদানিকৃত কোনো পণ্য সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তন বিষয়ে স্পষ্টিকরণ।

বিভিন্ন আমদানিকারকগণ তাদের আমদানিকৃত পণ্য কোনো প্রকারের পরিবর্তন ব্যতিরেকে সরবরাহ করে থাকেন। এ ধরনের সরবরাহের ক্ষেত্রে সরবরাহ পর্যায়ে উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ৩ অনুযায়ী কিভাবে কর কর্তন প্রযোজ্য হবে তা নিয়ে স্পষ্টিকরণের প্রয়োজনীয়তা দেখা দেয়। বর্ণিত বিষয়ে নিম্নরূপ স্পষ্টিকরণ প্রদান করা হলো:

কোনো আমদানিকারক তার আমদানিকৃত কোনো পণ্য কোনো প্রকার পরিবর্তন ব্যতিরেকে সরবরাহ করে পণ্য সরবরাহের ক্ষেত্রে উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি-৩ এর উপ-বিধি (২) অনুযায়ী নিম্নবর্ণিত নিয়মে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে, যথা:-

গ = খ — ক, যেখানে


গ = সরবরাহের বিপরীতে কর্তনযোগ্য করের পরিমাণ

খ = সরবরাহের বিপরীতে উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ৩ এর উপ-বিধি (১) অনুযায়ী নির্ধারিত হার।

ক = আমদানিকৃত কোনো পণ্যের ক্ষেত্রে ধারা ১২০ অনুযায়ী আমদানি পর্যায়ে পরিশোধিত অগ্রিম আয়কর।

উল্লেখ্য যে,

- ০১। আমদানি পর্যায়ে আয়কর পরিশোধের সাপেক্ষে যথাযথ প্রমাণ ও সংশ্লিষ্ট কাস্টমস কমিশনারের প্রত্যয়ন থাকতে হবে;
- ০২। সরবরাহগ্রহণকারী নিশ্চিত করবেন যে, সরবরাহকৃত পণ্য ও আমদানিকৃত একই পণ্য (same goods) এবং সরবরাহকালে কোনো প্রকার পরিবর্তন সাধিত হয়নি।

  
(বাপন/চন্দ্র দাস)  
দ্বিতীয় সচিব (কর আইন-১)  
করনীতি উইং  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।